দৈনিক সংবাদ

তারিখ ... 25 AUG 1999 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 6

069

## এক বিদ্যালয় থেকেই ১৭ জন!

রাজশাহী বোর্ডের রেজাল্টে খুব অবাক হয়েছি। এস,এস,সি পরীক্ষায় শীর্ষস্থান অধিকারী প্রথম ২০ জনের মধ্যে ১৭ জনই পাবনা ক্যাডেট কলেজের ছাত্র। চমকপ্রদ নয় কি? মানলাম ক্যাডেট কলেজে মোটামুটি ভাল ছেলেরাই ভর্তি হয়। তবুও একই ক্যাডেট কলেজ থেকে ১৭ জন, যেখানে সারদা ক্যাডেট কলেজ থেকে মাত্র ১ জন আছে প্রথম ২০ জনের মধ্যে।

ক্যাডেট কলেজ ছাড়াও বগুড়া রংপুর এবং বিশেষ করে রাজশাহীতে যথেষ্ট ভাল ভাল স্কুল আছে। এ সমস্ত স্কুল থেকে প্রথম ২০ জনের মধ্যে হয় আদৌ কেউ নেই নয়তো বাড়জোর একজন রয়েছে। আমার খটকা নিয়ে কয়েকজনের সংগে আলাপ করে জানতে পারলাম, ক্যাডেট কলেজগুলো শুধু তাদের নিজেদের পরীক্ষার সেন্টার হয়, অথচ অন্যান্য স্কুলের ছাত্রছাত্রীরা অন্য সেন্টারে সম্মিলিতভাবে পরীক্ষা দেয়। কেউ কেউ জানাল, ক্যাডেট কলেজে ছাত্রদেরকে ইচ্ছামত বেশী সময় নিয়ে লিখতে দেয়া হয় এবং অন্যান্য সুবিধাদির অভিযোগ ত আছেই। সত্য মিথ্যা জানি না। তবে অতীতে এক সময় সারদা ক্যাডেট কলেজ থেকে এই রকম চমকপ্রদ রেজাল্ট হত এবং তার ফলে এই ধরনের অভিযোগ শোনা যেত। তখন, রাজশাহী বোর্ড কর্তৃপক্ষ তদন্ত করে কিছুদিন ঐ কলেজ থেকে পরীক্ষার সেন্টার নাকি তুলে দিয়েছিল। এখন সেই কলেজের রেজাল্ট অন্যান্য ভাল স্কুলের রেজাল্টের মত হচ্ছে।

উপরোক্ত তথ্যগুলোর সত্যতা যাচাই করতে পারেন একমাত্র রাজশাহী বোর্ড কর্তৃপক্ষ। এবার রেজাল্ট বের হবার আগে এবং পরে শোনা যাচ্ছিল কাকে ফার্স্ট করার জন্য অন্য কার নাকি নম্বর কমানো হয়েছে। গুজব গুজবই। কিন্তু প্রকাশিত ফলাফল জলজ্যান্ত সত্য। জনসাধারণের লক্ষ্য করার মত অসাধারণ রেজাল্ট করেছে পাবনা ক্যাডেট কলেজ। রাজশাহী বোর্ড কর্তৃপক্ষও নিশ্চয়ই চমৎকৃত হয়েছেন। আমরা আশা করব যারা সুযোগ্য তারাই যেন ভবিষ্যতে ভাল করে। আশা রাখবো, বোর্ড কর্তৃপক্ষ এব্যাপারে সজাগ থাকবেন এবং যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করবেন।

শামসুন্নাহার ইসলাম,
রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী।